ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৮৯২

আগরতলা,২৩ জুলাই,২০২৫

**ভারতের উপরাষ্ট্রপতির পদে নির্বাচন-**

**নির্বাচন কমিশনের মাধ্যমে প্রক্রিয়া শুরু**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় (MHA) তাদের গেজেট বিজ্ঞপ্তি S.O.3354 (E) তারিখ ২২ জুলাই, ২০২৫-এর মাধ্যমে ভারতের উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের পদত্যাগের বিষয়টি জানিয়েছে। ভারতীয় নির্বাচন কমিশন সংবিধানের ৩২৪ অনুচ্ছেদ অনুযায়ী ভারতের উপরাষ্ট্রপতির পদে নির্বাচন পরিচালনার জন্য দায়বদ্ধ।

ভারতের উপরাষ্ট্রপতির পদে নির্বাচন The Presidential and Vice-Presidential Elections Act, 1952 এবং তার অধীনে প্রণীত বিধিমালা, অর্থাৎ The Presidential and Vice-Presidential Elections Rules, 1974 অনুযায়ী পরিচালিত হয়। সেই অনুযায়ী, নির্বাচন কমিশন ইতোমধ্যেই ২০২৫ সালের উপরাষ্ট্রপতি নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে।

প্রস্তুতিমূলক কার্যক্রম শেষ হওয়ার পর, যত দ্রুত সম্ভব ভারতের উপরাষ্ট্রপতির পদে নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা করা হবে।

প্রধান প্রস্তুতিমূলক কার্যক্রমগুলির মধ্যে যেগুলি ইতিমধ্যেই শুরু হয়েছে, তা হলো:

(i) নির্বাচকমণ্ডলীর প্রস্তুতি, যার মধ্যে রাজ্যসভা ও লোকসভার নির্বাচিত ও মনোনীত সদস্যরা অন্তর্ভুক্ত:

(ii) রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার (দের) চূড়ান্তকরণ;

(iii) অতীতের উপরাষ্ট্রপতি নির্বাচনগুলির উপর ভিত্তি করে পটভূমিগত তথ্য প্রস্তুত ও বিতরণ। ভারতের নির্বাচন কমিশন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****